


দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

ফাজিল প্রথম ও দ্বিতীয় বর্ষ পরীক্ষার ফল প্রকাশ

 ১১ জুন, ২০১৮ ইং ০০:০০ মিঃ

ইত্তেফাক রিপোর্ট

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের ফাজিল অনার্স ১ম বর্ষ ও ২য় বর্ষ পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল রবিবার উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ ফল ঘোষণা করেন। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে সারা দেশের ফাজিল অনার্স ১ম বর্ষ পরীক্ষায় ১ হাজার ৮৯৮ জন এবং ২য় বর্ষ পরীক্ষায় ৭৮৭ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করেন। এর মধ্যে ১ম বর্ষে ৯৬ দশমিক ২১ শতাংশ ও ২য় বর্ষে ৯৭ দশমিক ৭১ শতাংশ পাস করে। ফাজিল অনার্স ১ম বর্ষ পরীক্ষা গত ১১ ডিসেম্বর শুরু হয়ে চলতি বছরের ২৪ জানুয়ারি শেষ হয় এবং ফাজিল ২য় বর্ষের পরীক্ষা গত বছরের ১২ ডিসেম্বর শুরু হয়ে গত ২৫ জানুয়ারি শেষ হয়। পরীক্ষা ফলাফল সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://iau.edu.bd>) এ পাওয়া যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত